

কার্যকাল

গ্রীষ্মকাল --

গলদঘর্ম গরমে গড়িমসিতে  
কাজের গরমে গোলায় যায়,

বর্ষাকাল --

জলে ভিজে যাতায়াতের যন্ত্রণাতে  
কাজের ইচ্ছায় ইতি হয়ে যায়,

শরৎকাল --

শারদীয় দশভূজার পূজার আমেজে  
কাজের মরজি মরে ঝরে যায়,

হেমন্তকাল --

হিমেল হাওয়ার পরশে হরষে  
কাজের মেজাজটাই হারিয়ে যায়,

শীতকাল --

লেপ রেজাই জড়িয়ে জড়সড় হয়ে  
কাজের উমেদ উঠাই হয়ে যায়,

বসন্তকাল --

পিকের কুহ ডাকে প্রেমেরপরিবেশ  
কাজের বাসনা বাতিল হয়ে যায়,

সুতরাং --

কালের কবলে কৃপা কণা করে  
কাজ করার কথা কখনও কইবে না।

সমরেশমুখোপাধ্যায়

